**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন প্রতিমন্ত্রী মুরলি ধর মহোল বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক উন্নয়নের বিষয়ে যথেষ্ট আন্তরিক।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ফিশারী অফিসার পদে নির্বাচিত ৫২ জনের হতে নিয়োগপত্র তুলে দেন।**

**(৩) আজ থেকে ঢাকা হয়ে আগরতলা ও কলকাতার মধ্যে যাত্রীবাহী বাস পরিষেবা পুনরায় চালু হয়েছে।**

**(৪) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামীকাল শুরু হচ্ছে।**

**(৫) তিনদিন ব্যাপী রাজ্য গেমস আজ শেষ হয়েছে।**

*******************************************

**Union Minister of State Muralidhar Mahol :**

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন প্রতিমন্ত্রী মুরলি ধর মহোল বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক উন্নয়নের বিষয়ে যথেষ্ট আন্তরিক। আজ খোয়াই জেলা শাসকের কার্যালয়ে বিভিন্ন সরকারি উন্নয়নমূলক কাজকর্ম নিয়ে পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর দিশায় উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নমূলক কাজকর্ম বর্তমানে দ্রুত বাস্তবায়িত হচ্ছে। এই বৈঠকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প, পি.এম.এ.ওয়াই.জি, জল জীবন মিশন, স্বচ্ছ ভারত মিশন, শিক্ষা, স্বাস্থ্য সহ প্রতিটি দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজ পর্যালোচনা করেন। পরে সংবাদ

মাধ্যমকে তিনি জানান, খোয়াই জেলায় প্রত্যেকটি দপ্তরের কাজকর্ম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়িত হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী মুরলি ধর মহোল জাতীয় সড়ক নির্মাণকারী সংস্থার দেওয়া একটি অ্যাম্বুলেন্স গাড়ির চাবি তুলে দিলেন বেহালা বাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের কর্তৃপক্ষের হাতে। তিনি তুলাশিখর ব্লকের স্ব-সহায়ক দলের একটি স্টল পরিদর্শন করেন এবং লাখপতি দিদিদের সঙ্গে কথা বলেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সঙ্গে ছিলেন খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলা প্রজ্ঞা ভবনে ফিশারী অফিসার পদে নির্বাচিত ৫২ জনের হতে নিয়োগপত্র তুলে দেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতা বজায় রেখে চাকরি প্রদান করছে। চাকরি প্রাপকদের উদ্দেশ্যে তিনি বলেন গতানুগতিকতার বাইরে গিয়ে আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে নতুন নতুন উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটাতে হবে। যাতে আগামীদিনে রাজ্য মৎস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠতে পারে। বক্তব্য রাখেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস সচিব দীপা ডি নায়ার।

******************************

**Bus Service Resume :**

দীর্ঘ কয়েকমাস বন্ধ থাকার পর আজ থেকে বাংলাদেশের ঢাকা হয়ে আগরতলা-কলকাতা ও কলকাতা-আগরতলা বাস পরিষেবা পুনরায় চালু হয়েছে। আজ সকালে কলকাতা থেকে ঢাকা হয়ে ত্রিপুরা সড়ক পরিবহন নিগম TRTC-র মৈত্রী বাস যাত্রী নিয়ে আগরতলা আই.সি.পি-তে এসে পৌছুলে ত্রিপুরার পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী যাত্রীদের ফুল দিয়ে স্বাগত

জানান। উপস্থিত ছিলেন টি.আর.টি.সি-র ভারপ্রাপ্ত চেয়ারম্যান সমর রায়, আগরতলা পুর নিগমের মেয়র পারিষদ তুষার ভট্টাচার্য প্রমুখ।

সেখানে আয়োজিত অনুষ্ঠানে পরিবহনমন্ত্রী শ্রী চৌধুরী মৈত্রী বাস পরিষেবা পুনরায় চালু হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

আগামীদিনে ভারত-বাংলাদেশের মধ্যে ব্যবসা বানিজ্য ও দ্বি-পাক্ষিক সম্পর্ক স্বাভাবিক হবে এবং দুই দেশ শান্তিপূর্ণভাবে আলোচনার ভিত্তিতে উন্নয়নের পথে এগিয়ে চলবে বলে তিনি আশা ব্যক্ত করেন। তিনি বলেন, বাংলাদেশ আমাদের শুধু প্রতিবেশীই নয়, বরং নিকট আত্মিয়ের মতো। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুই দেশের মধ্যে স্বাভাবিক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক জোরদার করার উপর গুরুত্ব দেন। ত্রিপুরার সঙ্গে বাংলাদেশের মৈত্রী সেতু দিয়ে যাতায়াত সহ বন্ধ থাকা সব প্রকল্পই ইতিবাচক আলোচনার মধ্য দিয়ে বাস্তবায়িত হবে বলে পরিবহন মন্ত্রী আশা ব্যক্ত করেন।

#######Byte-Sushanta Chowdhury#####

*********************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামীকাল থেকে শুরু হচ্ছে। মাধ্যমিক পরীক্ষা শুরু হবে আগামী ২৬শে ফেব্রুয়ারি থেকে। এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ২৬ হাজার ৪১১জন। তৃতীয় লিঙ্গের পরীক্ষার্থী রয়েছেন একজন। মাদ্রাসা ফাজিল পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ জন। উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষা কেন্দ্র ৬২টি। এবছর মাধ্যমিক পরীক্ষায় মোট পরিক্ষার্থীর সংখ্যা ৩২ হাজার ৪ জন। এদের মধ্যে মাদ্রাসা আলিম পরিক্ষার্থীর সংখ্যা ১৫৫ জন। মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষা কেন্দ্র ৬৯টি।

***************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ রাজ্যে কৃষিক্ষেত্রে বিভিন্ন প্রকল্পে অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছেন। আজ কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে রাজ্যের কৃষিমন্ত্রী শ্রী নাথ এই দাবি জানান। তাছাড়া তিনি ২০২৬-২৭ অর্থবছরে আরকেভিওয়াই-ডিপিআর প্রকল্পের অধীনে ৩০ হাজার হেক্টর জমিতে হাইব্রিড ধান চাষের ক্ষেত্রেও কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সহায়তা পূরণের অনুরোধ জানান। কৃষিমন্ত্রী রাজ্যে কৃষি যান্ত্রিকীকরণ (SMAM) প্রকল্পের জন্য আরও ২০ কোটি টাকা অনুমোদনের জন্যও দাবি জানিয়েছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান বলেছেন পর্যটন শুধু একটি শিল্প নয়, এটি সাংস্কৃতিক সেতুবন্ধন তৈরি করে এবং অর্থনৈতিক সুযোগ সৃষ্টির চালিকাশক্তি

হিসেবে কাজ করে। আজ দিল্লীতে অনুষ্ঠিত ট্যুরিজম লিডারশিপ সামিট–২০২৬–এর উদ্বোধন করে উপ–রাষ্ট্রপতি বলেন, পর্যটন ক্ষেত্র অন্যতম বৃহৎ কর্মসংস্থান সৃষ্টিকারী ক্ষেত্র। এই ক্ষেত্রে অন্তর্ভুক্তিমূলক ও সুস্থায়ী প্রবৃদ্ধি নিশ্চিত করতে দক্ষতা উন্নয়ন, উদ্যোক্তা সৃষ্টি এবং নারী–নেতৃত্বাধীন উদ্যোগে বিনিয়োগের ওপর তিনি গুরুত্ব আরোপ করেন। তিনি আরও জানান, ভারত 'ট্যুরিজম ভিশন ২০২৯' উন্মোচন করেছে, যার লক্ষ্য প্রতিটি রাজ্যে অন্তত একটি বিশ্বমানের পর্যটন গন্তব্য গড়ে তোলা।

***************************

**Election Commission :**

ভারতের নির্বাচন কমিশনার Gyanesh Kumar বলেছেন নির্ভুল ভোটার তালিকা নিশ্চিত করাই গণতন্ত্রের মূল ভিত্তি।

আজ নতুন দিল্লির ভারত মন্ডপমে ভারতীয় নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন কমিশনারদের জাতীয় গোলটেবিল বৈঠকে ভাষণ দিতে গিয়ে তিনি জানান, সঠিক ভোটার তালিকা তৈরির লক্ষ্যেই বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, বিহারে এই প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ১২টি রাজ্যে তা চলছে। এর মধ্যে ১১টি রাজ্য ইতিমধ্যে ভোটার তালিকা প্রকাশ করেছে। শ্রী কুমার, নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন কমিশনগুলির মধ্যে সমন্বয় আরও জোরদারের ওপর গুরুত্ব আরোপ করেন।

*****************************

**Package Story–Agartala Dhaka Kolkata Bus Service :**

পড়শী বাংলাদেশে সাম্প্রতিক ঘটনাপ্রবাহের পরিপ্রেক্ষিতে দীর্ঘ বিরতি কাটিয়ে ফের চালু হয়েছে ঢাকা হয়ে আগরতলা থেকে কলকাতা যাত্রী বাস পরিষেবা। ত্রিপুরা সড়ক পরিবহণ নিগম– টি আর টি সি পরিচালিত রয়াল মৈত্রী বাস ঢাকা হয়ে আজ দুপুর ১২টা নাগাদ আগরতলার আখাউড়া আন্তর্জাতিক স্থল বন্দর দিয়ে রাজ্যে প্রবেশ করে। একটি প্রতিবেদন।

########VC########

***************************

**Forest Department :**

বনে অগ্নিকাণ্ডের ঝুঁকি নিয়ন্ত্রণ এবং সবুজ বনাঞ্চল ও পরিবেশের ভারসাম্য রক্ষায় সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে আজ "বন বাঁচাও, বনের আগুন প্রতিরোধ করো", শীর্ষক এক সচেতনতা প্রচার র্যালির আয়োজন করে কাঞ্চনপুর মহকুমা বন দপ্তর। র্যালির সূচনা করেন কাঞ্চনপুর মহকুমা বন আধিকারিক সুমন মিত্র।

*****************************

**State Games :**

তিনদিন ব্যাপী রাজ্য গেমস আজ শেষ হয়েছে। ১৮টি ইভেন্টে এই গেমসের লড়াই হয়। বিলোনিয়ায় ফুটবলের পুরুষ বিভাগে উত্তর জেলা চ্যাম্পিয়ন হয়। বিকেআই মাঠে ফাইনালে উত্তর জেলা ১-০ গোলে ধলাই জেলাকে পরাজিত করে। মহিলা বিভাগে গোমতী জেলা ৪-২ গোলে পশ্চিম জেলাকে হারিয়ে খেতাব পায়। টেবিল টেনিসের উভয় বিভাগে পশ্চিম জেলার সিঙ্গেলস ও ডাবলসে খেতাব পায়। টেনিসের পুরুষ বিভাগে পশ্চিম জেলার অভিনাশ সাহা ও মহিলা বিভাগে ঋতিকা দাস খেতাব পায়। ব্যাডমিন্টনের উভয় বিভাগে রিতেশ কোঠারি ও অদ্রিজা দে চ্যাম্পিয়ন হয়। ভারোত্তোলন পশ্চিম জেলার খেলোয়াড়রা উভয় বিভাগে ৭টি স্বর্ণ পদক পায়।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু স্থানে হাল্কা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল

দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************